

ডাঃ অরিজিত দাস সম্মানিত

আগরতলা, ২৭ নভেম্বর : মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক সংস্থা ইন্টারন্যাশনাল এজেন্সি ফর স্টেভার্ডস অ্যান্ড রেটিংস রাজ্যের কৃতি সন্তান ডঃ অরিজিত দাসকে ক্যামিকেল সায়েন্সের উপর সম্মানিত ডিগ্রি ডক্টর অব সায়েন্স প্রদান করেন। পিএইচডি এর পর ডক্টর অব সায়েন্স হল সর্বচ্চ যোগ্যতা। রাজ্যের কৃতি সন্তান তথা বর্তমানে আগরতলার বিবিএম কলেজের রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ডঃ অরিজিত দাসের সুদীর্ঘ গবেষণার ফসল হিসেবে এবার মর্যাদাপূর্ণ ক্যামব্রিজের গবেষণকরা ডঃ অরিজিত দাসের লেখা একটি বই প্রকাশ করেছেন। যার নাম হচ্ছে

ইনোভেটিভ মেমোনিস ইন 'কেমিক্যাল ইন কেমিক্যাল এডুকেশন : অ্যা হ্যান্ডবুক ফর ক্রাসকুম লেকচারাস। প্রথমে বইটি অনলাইনে প্রকাশিত হলেও গত



১লা নভেম্বর বইটির হার্ড কপি প্রকাশিত হয়। পাশাপাশি ডঃ দাসের লেখা এই বইটি লন্ডনের বৃহত্তম গ্রন্থাগার ব্রিটিশ গ্রন্থাগারে সূচিত হয়েছে। ডঃ অরিজিত দাসের এই

বইটির হার্ড কপি হাতে পাওয়ার পর তিনি তার স্বপ্নের বই এর একটি করে কপি ডঃ দাসের মা, দাদা সহ ছাত্র জীবনের শিক্ষক শিক্ষিকার হাতে তুলে দেন।

ডঃ অরিজিত দাসের এই সাফল্যে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক তথা রসায়নের বিখ্যাত স্কলার অধ্যাপক ডঃ জি এন মুখার্জি আই আই টি কানপুরের অধ্যাপক ডঃ আর এন মুখার্জি, আই আই টি খড়গপুরের রসায়ন বিভাগের অধ্যাপক পি কে চ্যাটার্জি, হায়েদ্রাবাদ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ এস কে দাস, ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডঃ ডেলমার লারসেন ডঃ দাসকে শুভেচ্ছা অভিনন্দন জানিয়েছেন।